

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (বরিশাল)  
গাইড হাউস ভবন, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৭.২৫.১৩

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ বাংলা  
২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলাধীন 'ঘোষবিলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা'য় জনাব মোঃ সাইদুর রহমান এর 'ইবতেদায়ী প্রধান' হিসেবে জালিয়াতির মাধ্যমে নিয়োগ এবং একই সাথে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় 'সহকারী শিক্ষক' হিসেবে কর্মরত থাকাসহ তার বিরুদ্ধে বিভিন্ন জাল-জালিয়াতির বিষয়ে তদন্ত প্রসঙ্গে।


সূত্রঃ ১. উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা এর স্মারক নং ০৫.৪৪.১৮০৭.০০০.৬৭.০০১.২৫-১১৩৯  
২. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৬.২১-২৩

তারিখ: ২৭ অক্টোবর ২০২৫ খ্রি.  
তারিখ: ০৪ মে ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলাধীন 'ঘোষবিলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা'য় জনাব মোঃ সাইদুর রহমান এর 'ইবতেদায়ী প্রধান' হিসেবে জালিয়াতির মাধ্যমে নিয়োগ পাওয়া এবং একই সাথে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার 'হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা'য় 'সহকারী শিক্ষক' হিসেবে কর্মরত থাকাসহ তার বিরুদ্ধে বিভিন্ন জাল-জালিয়াতির অভিযোগের তদন্ত হয়। উক্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনিত জাল জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরবার পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের আলোকে নথি সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক অধিকতর তদন্তের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোক্ত ৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৬.২১-২৩ নং স্মারকে জনাব মোহাম্মদ নুরুল করিম, পরিদর্শক (চট্টগ্রাম বিভাগ) ও অতিঃদা: সহকারী পরিচালক (অডিট) কে আহ্বায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

তদন্ত কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য, অভিযোগকারী সুবেদার মেজর সাইদুর রহমান (বীর প্রতিক), সভাপতি, ঘোষবেলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, জনাব মোঃ মনিরুল ইসলাম, ইবতেদায়ী প্রধান, ঘোষবেলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, মোঃ জাহিদুল ইসলাম, ইবতেদায়ী প্রধান, হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, কালিগঞ্জ ঝিনাইদহ, মোঃ সেলিম রেজা, সভাপতি, হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, কালিগঞ্জ ঝিনাইদহ এবং অভিযুক্ত শিক্ষক জনাব মোঃ সাইদুর রহমান কে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখ রোজঃ সোমবার, বেলাঃ ১১.০০ টায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সম্মেলন কক্ষে (লিফট এর ৮) তদন্ত কমিটির নিকট স্বশরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। জনাব সুবেদার মেজর সাইদুর রহমান (বীর প্রতিক), সভাপতি ঘোষবেলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা
- ২। জনাব মোঃ মনিরুল ইসলাম, ইবতেদায়ী প্রধান, ঘোষবেলা স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা।
- ৩। জনাব মোঃ জাহিদুল ইসলাম, ইবতেদায়ী প্রধান, হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, কালিগঞ্জ ঝিনাইদহ।
- ৪। জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী শিক্ষক, হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, কালিগঞ্জ ঝিনাইদহ।
- ৫। মোঃ সেলিম রেজা, সভাপতি, হাজীপুর মুন্দিয়া স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা, কালিগঞ্জ ঝিনাইদহ


  
ড. মোঃ ইসমাইল হোসেন  
সহকারী পরিচালক (বরিশাল)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ও  
সদস্য সচিব, তদন্ত কমিটি

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০.১৫.২৭.২৫.১৩

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ বাংলা  
২৩ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

  
ড. মোঃ ইসমাইল হোসেন  
সহকারী পরিচালক (বরিশাল)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ও  
সদস্য সচিব, তদন্ত কমিটি